সমকাল

তারিখ [illegible]
পৃষ্ঠা ... [illegible] ... কলাম ... [illegible] ......

# শেষ হলো ঢাবিতে পদত্যাগ গুঞ্জন

## প্রভোস্ট স্ট্যান্ডিং কমিটির বৈঠক

■ সমকাল প্রতিবেদক

অবশেষে ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন হলের প্রাধ্যক্ষ ও ভারপ্রাপ্ত প্রক্টরের পদত্যাগের গুঞ্জনের অবসান হয়েছে। গতকাল বৃহস্পতিবার উপাচার্য কার্যালয়-সংলগ্ন সম্মেলন কক্ষে প্রভোস্ট স্ট্যান্ডিং কমিটির সদস্যদের নিয়ে বৈঠক করেছেন নতুন উপাচার্য অধ্যাপক মো. আখতারুজ্জামান। বৈঠক শেষে জানানো হয়, সভায় কেউই পদত্যাগের ইচ্ছা প্রকাশ করেননি। উপাচার্য সবাইকে যথাযথভাবে দায়িত্ব পালনের আহ্বান জানিয়েছেন। এর আগে গুজব ছড়িয়ে পড়েছিল, উপাচার্য নিয়োগের প্রক্রিয়া নিয়ে অসন্তুষ্ট বিভিন্ন হলের প্রাধ্যক্ষ পদত্যাগ করেছেন।

সূত্র জানায়, সভায় ১৯টি হলের প্রাধ্যক্ষ, ভারপ্রাপ্ত প্রাধ্যক্ষ এবং ৫টি হোস্টেলের ওয়ার্ডেন উপস্থিত ছিলেন। সভায় কবি জসীমউদ্?দীন হলের প্রাধ্যক্ষ রহমত উল্লাহ, বিজয় একাত্তর হলের আ জ ম শফিউল আলম ভূঁইয়া, রোকেয়া হলের নাজমা শাহীন, সূর্য সেন হলের এ এস এম মাকসুদ কামাল, মুক্তিযোদ্ধা জিয়াউর রহমান হলের জিয়া রহমান, পিজে হার্টগ আন্তর্জাতিক হলের লুৎফর রহমান উপস্থিত ছিলেন। প্রাধ্যক্ষ ছুটিতে থাকায় বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব হল, স্যার এ এফ রহমান হল, অমর একুশে হল ও ডক্টর মুহম্মদ শহীদুল্লাহ হলের ভারপ্রাপ্ত প্রাধ্যক্ষরা সভায় অংশ নেন।

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ও প্রভোস্ট স্ট্যান্ডিং কমিটির সভাপতি অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বলেন, কমিটির বৈঠকে সবাই হল পরিচালনায় তাদের পরামর্শ ও প্রস্তাব তুলে ধরেছেন। তিনি আরও বলেন, বৈঠকে কেউ পদত্যাগের বিষয়ে কিছু বলেননি।

গতকাল সকালে ধানমণ্ডির ৩২ নম্বরে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে ফুল দিয়ে শ্রদ্ধা জানান নতুন উপাচার্য মো. আখতারুজ্জামান। এ সময় বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক কামাল উদ্দীনসহ শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীরা উপস্থিত ছিলেন।